



রাজনৈতিক পরিস্থিতি দেখে তফসিল ঘোষণার অনুরোধ এনসিপির



সংগৃহীত ছবি

শাপলা কলি প্রতীকে নির্বাচন কমিশনের নিবন্ধন সনদ গ্রহণ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। তবে বর্তমান রাজনৈতিক পরিস্থিতিকে গুরুত্ব দিয়ে দ্রুত তফসিল ঘোষণার আহ্বান জানিয়েছেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম।

বুধবার (৩ ডিসেম্বর) বিকেলে আগারগাঁওয়ের নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি এই আহ্বান জানান। বৈঠকে ইসির কাছে দেওয়া সংস্কার প্রস্তাবনা, আদালতের পক্ষ থেকে সেগুলো বাতিলের চেষ্টা ও সার্বিক রাজনৈতিক পরিবেশ নিয়ে আলোচনা হয় বলে জানান নাহিদ ইসলাম।

এনসিপি প্রার্থীদের হলফনামা যাচাই, নির্বাচনী ব্যয় কঠোরভাবে নিয়ন্ত্রণ এবং কালো টাকা ব্যবহারের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানায় দলটি। গণভোট প্রসঙ্গে নাহিদ ইসলাম বলেন, বিষয়টি সঠিকভাবে প্রচার না হলে জনগণ মূল তথ্য জানতে পারবে না—তাই ইসিকে দায়িত্বশীল ভূমিকা নিতে হবে।

ভোটের সময় অপতথ্য ও বিভ্রান্তি ঠেকাতে বিশেষ ব্যবস্থা গ্রহণেরও অনুরোধ করেন এনসিপি আহ্বায়ক।